

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৩৫

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ ওযূর ফযিলত (কষ্ট হওয়া সত্ত্বেও পরিপূর্ণভাবে ওযূ করার কারণে মর্যাদা সমুন্নত হয় এবং পাপ মোচন হয়)

(بَابُ فَضْلِ الْوُضُوءِ) _ ذِكْرُ حطِّ الْخَطَايَا وَرَفْع الدَّرَجَاتِ بِإِسْبَاغ الْوُضُوءِ على المكاره

আরবী

1035 - أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ الْجُمَحِيُّ بِالْبَصْرَةِ حَدَّثَنَا الْقَعْنَبِيُّ عَنْ مَالِك عَنِ الْعَلَاءِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْعَلَاءِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (أَلَا أُخْبِرُكُمْ بما يمحوا اللَّهُ بِهِ الْخَطَايَا وَيَرْفَعُ بِهِ الدَّرَجَاتِ؟ إِسْبَاغُ الوضوء على المكاره وكثرة الخطى إِلَى الْمَسَاجِدِ وَانْتِظَارُ الصَّلَاةِ بَعْدَ الصَّلَاةِ فَذَلِكُمُ الرباط فذلكم الرباط)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1035 ا خلاصة حكم المحدث: صحيح.

قَالَ أَبُو حَاتِم: مَعْنَاهُ الرِّبَاطُ مِنَ الذُّنُوبِ لِأَنَّ الْوُضُوءَ يُكَفِّرُ الذُّنُوبَ.

বাংলা

১০৩৫. আবৃ হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "আমি কি তোমাদেরকে এমন কিছুর সন্ধান দিবোনা, যার মাধ্যমে আল্লাহ গোনাহসমূহ মোচন করে দিবেন এবং মর্যাদা সমুন্নত করবেন? সেটি হলো কষ্ট হওয়া সত্তেও পরিপূর্ণভাবে ওয় করা, অধিক পদক্ষেপে মসজিদে গমন করা এবং এক সালাতের পর আরেক সালাতের জন্য অপেক্ষা করা। এটাই হলো প্রহরা, এটাই হলো প্রহরা, এটাই হলো প্রহরা।"[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "হাদীসের অর্থ হলো গোনাহ থেকে প্রহরা। কেননা ওযূ গোনাহকে মুছে দেয়।"



ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/১৭৬; মুসনাদ আহমাদ: ২/২৭৭; সহীহ মুসলিম: ২৫১; নাসাঈ: ১/৮৯; সহীহ ইবনু খুযাইমাহ: ৫; সুনান বাইহাকী: ১/৮২; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৪৯; তিরমিযী: ৫১, ৫২; বাযযার: ৪৪৭; হাকিম: ১/১৩২।

মুসনাদ আহমাদ: ৫/২৮২; দারেমী: ১/১৬৮; তাবারানী আল কাবীর: ১৪৪৪; আত তায়ালিসী: ৯৯৬;

তাবারানী আস সাগীর: ২/৮৮; ইবনু মাজাহ: ২৭৭; সুনান বাইহাকী: ১/৪৫৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৫-৬; বাগাবী, শারহুস সুন্নাহ: ১/৩২৭; মুয়াত্তা ইমাম মালেক: ১/৩৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ১/৯৭।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন